আমাদের সময়

তারিখ .. 07 SEP 2015 ..
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে এবার শিক্ষার্থী ভর্তি হবে ফলের ভিত্তিতে

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয় বিশ্ববিদ্যালয়ে এবার প্রথম বর্ষে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে পরীক্ষা হবে না। এসএসসি ও এইচএসসির ফলাফলের ভিত্তিতেই ভর্তি করা হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে। গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।

কর্তৃপক্ষ জানায়, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ভর্তি প্রক্রিয়া আগামী ১ অক্টোবর থেকে শুরু হবে। এসএসসি ও এইচএসসির ফলের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। কোনো ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। গত ১৩ জুন বিশ্ববিদ্যালয় সিনেটের ১৭তম বার্ষিক অধিবেশনে ফলের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তির আলোচনা হয়। এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রথমবর্ষে ভর্তি প্রক্রিয়া শুরুর তারিখ ঘোষণা করলেও কোন পদ্ধতিতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে এ নিয়ে দ্বিধায় ছিলেন শিক্ষার্থীরা। গতবছরও পরীক্ষার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি করা হয়েছিল। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এবার ১ ডিসেম্বর থেকে প্রথম বর্ষের শিক্ষার্থীদের ক্লাস শুরু করা হবে। বিস্তারিত তথ্য, ভর্তি নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে যথাসময়ে জানানো হবে।